



ইসলামী ব্যাংকে চেয়ারম্যানসহ বোর্ড ভেঙে দিল বাংলাদেশ ব্যাংক



সংগৃহীত ছবি

ইসলামী ব্যাংক বাংলাদেশের পরিচালনা পর্ষদে বড় ধরনের পরিবর্তন এনেছে বাংলাদেশ ব্যাংক। ব্যাংকটির চেয়ারম্যানসহ সব পরিচালককে অপসারণ করা হয়েছে।

রোববার (১৪ জুন) রাতে বাংলাদেশ ব্যাংকের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, নতুন ব্যবস্থা কার্যকর হওয়ার পর বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক মোহাম্মদ জহির হোসেনকে পরিচালনা পর্ষদের সব ধরনের ক্ষমতা ও দায়িত্ব অর্পণ করা হয়েছে।

কেন্দ্রীয় ব্যাংকের এই সিদ্ধান্তের ফলে আপাতত একক প্রশাসনিক তত্ত্বাবধানে পরিচালিত হবে ইসলামী ব্যাংকের কার্যক্রম।

LENS ASIA